দৈনিক
আমাদের সময়

তারিখ 20 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

# তুরস্কে ১৫ হাজার শিক্ষা কর্মকর্তা বরখাস্ত

আমাদের সময় ডেস্ক ●
তুরস্কে গতকাল ১৫ হাজার শিক্ষা কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছে। দেশটিতে চলমান শুদ্ধি অভিযানের অংশ হিসেবেই এ পদক্ষেপ নেওয়া হয়। এর আগে একই কারণে বিভিন্ন ক্ষেত্রের হাজার-হাজার কর্মীকে বরখাস্ত করে তুর্কি সরকার। গত শুক্রবার দেশটির সেনাবাহিনীর একটি অংশ অভ্যুত্থানের চেষ্টা করে। খবর বিবিসি।